রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৬, ২০১৫

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২২ ভাদ্র, ১৪২২ মোতাবেক ০৬ সেপ্টেম্বর, ২০১৫

নিম্নলিখিত বিলটি ২২ ভাদ্র, ১৪২২ মোতাবেক ০৬ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ২০/২০১৫

## Ports Act, 1908 (Act No. XV of 1908) এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Ports Act, 1908 (Act No. XV of 1908) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন Ports (Amendment) Act, 2015 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Act No. XV of 1908 এ নূতন Section 2A সংযোজন।**—The Ports Act, 1908 (Act No. XV of 1908) এর Section 2 এর পর নিম্নরূপ নূতন Section 2A সংযোজিত হইবে, যথা ঃ—

"**2A. Act to override other laws, etc.**—Notwithstanding anything contained in any other laws for the time being in force, and any judgment, decree and order passed by any court including the Supreme Court of Bangladesh, provisions of this Act and the Rules made thereunder shall prevail, and all structures including Terminal



মূল্য ঃ টাকা ৪.০০

Building, Terminal, gangway, landing station, Transit shed, warehouse, jetties, piers, ferries, landing-place, wharf, quay, dock, mooring and any other facilities related thereto operated by or under a license from the conservator, or other work on any part of foreshore or shore or bank of a river within the declared ports limits constructed, established and operated according to the provisions of this Act and Rules made thereunder."

## উদ্দেশ্য ও কারণ-সম্বলিত বিবৃতি

অভ্যন্তরীণ নৌ-পথ এবং নৌ-পরিবহন ব্যবস্থার উন্নয়ন, সংরক্ষণ এবং নিয়ন্ত্রণের লক্ষে নৌ-বাণিজ্য এবং নৌ-পরিবহনযোগ্য নৌ-পথ গড়ে তোলাসহ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে নদীর বহুমাত্রিক ব্যবহার নিশ্চিত করা এবং নদী বন্দরসমূহের উন্নয়নের মাধ্যমে সরকারের রাজস্ব আদায় বৃদ্ধির জন্য The Ports Act, 1908 সংশোধন করা প্রয়োজন।

২। ১৯০৮ সালে প্রণীত The Ports Act এর উপর অন্যান্য আইনের প্রাধান্য থাকার পরিপ্রেক্ষিতে নদী বন্দর এলাকায় বৈধভাবে স্থাপিত এবং স্থাপিতব্য টার্মিনাল ভবন, টার্মিনাল, গ্যাংওয়ে, ল্যান্ডিং স্টেশন, ট্রানজিট সেড, ওয়ারহাউজ, জেটিসমূহ, পিয়ারস, ফেরিস, ল্যান্ডিং প্লেস, রাফ, কিউই, ডক, মুরিং ইত্যাদি সরকারি ও বেসরকারি স্থাপনাসমূহ রক্ষার্থে The Ports (Amendment) Act, 2015 এর মাধ্যমে আধুনিকায়ন করা আবশ্যক।

**শাজাহান খান**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

**প্রণব চক্রবর্তী**
অতিরিক্ত সচিব (আইপিএ)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd